

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 অর্থ মন্ত্রণালয়  
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
 জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ/১০ জুন, ২০১০ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও, নং ১৯৬-আইন/২০১০/২৩১৪/শুল্ক।- Customs Act, ১৯৬৯ (Act IV of 1969) এর section 219(1), THIRD SCHEDULE এর Item 21 এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টমস্ এজেন্টস্ (লাইসেন্সিং) বিধিমালা, ২০০৯ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার-

- (ক) বিধি ৩ এর “জ্যৈষ্ঠতম যুগ্ম কমিশনার এবং জ্যৈষ্ঠতম ডেপুটি কমিশনার অথবা ডেপুটি কমিশনার না থাকিলে জ্যৈষ্ঠতম সহকারী কমিশনার” শব্দগুলির পরিবর্তে “একজন যুগ্ম কমিশনার এবং একজন ডেপুটি কমিশনার/সহকারী কমিশনার” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) বিধি ৫ এর উপ-বিধি (৯) এর পর নিম্নরূপ নতুন উপ-বিধি (৯ক) সন্তুষ্টিপূর্ণ প্রস্তাব করা হইবে, যথা :-  
 “(৯ক) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সর্বশেষ নির্ণয়িত আয়ের সার্টিফিকেট বা আয়কর নির্ধারণী আদেশের (আইটি -৮৮) কাপি;” এবং
- (গ) বিধি ১৯ এর দফা (ক) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ক) প্রতিস্থাপিত হইবে, যথা :-  
 “(ক) লাইসেন্সির কর্মকাণ্ড শুল্ক-করের সহিত সংশ্লিষ্ট না হইলে ন্যূনতম ১০ (দশ) হাজার টাকা হইতে সর্বোচ্চ ১ (এক) লক্ষ টাকা;”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-  
 (মোঃ আনোয়ার হোসাইন)  
 প্রথম সচিব (শুল্ক)।